

PRINT

সমকাল

শিক্ষা সেবা সপ্তাহ শুরু আজ

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

প্রথমবারের মতো দেশে পালন হতে যাচ্ছে 'শিক্ষা সেবা সপ্তাহ-২০১৯'। আজ সোমবার থেকে শুরু হচ্ছে এ সপ্তাহ। চলবে আগামী ৩০ জুন পর্যন্ত। শিক্ষার সব স্তরে সেবা নিশ্চিত করার লক্ষ্যেই এ আয়োজন করা হয়েছে।

আজ দুপুরে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর চত্বরে এ কর্মসূচির উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেলসহ শিক্ষা মন্ত্রণালয়ের দুই বিভাগের সচিব, অধিদপ্তরের মহাপরিচালকের উপস্থিত থাকার কথা রয়েছে। শিক্ষা সেবা সপ্তাহ উপলক্ষে আজ থেকে ৩০ জুন পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে অধিদপ্তরসহ সব প্রতিষ্ঠানে বিশেষ সেবা দেওয়া হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

